
দৈনিক বাংলা

তারিখ ... 31/8/82
পৃষ্ঠা ... 5 কলাম 4



# বিশিষ্ট শিক্ষাবিদের ইন্তেকাল

বিশিষ্ট শিক্ষাবিদ ও তেজগাঁও পলিটেকনিক হাই স্কুলের প্রাক্তণ প্রধান শিক্ষক জনাব নূর মোহাম্মদ শনিবার দিবাগত রাত একটা চল্লিশ মিনিটে ঢাকাস্থ স্বীয় বাসভবনে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে.... রাজেউন)। তাঁর বয়স হয়েছিল ৬৪ বছর।

মৃত্যুকালে তিনি স্ত্রী, বহু আত্মীয়স্বজন ও গুণগ্রাহী এবং অসংখ্য ছাত্রছাত্রী রেখে গেছেন। তিনি ছিলেন নিঃসন্তান।

মরহুমের নামাজে জানাজা রোববার জোহরের নামাজের পর তেজগাঁও পলিটেকনিক হাইস্কুল মাঠে অনুষ্ঠিত হয়। জানাজা পরিচালনা করেন পীর মোহসেনউদ্দিন আহমেদ (দুদু মিয়া)। ক অঞ্চলের উপ-আঞ্চলিক সামরিক আইন প্রশাসক বিগ্রেডিয়ার রফিকুল ইসলাম, প্রাক্তন মন্ত্রী জনাব এম এইচ দোহা, সৈয়দ আজিজুল হক (নান্না মিয়া), বিগ্রেডিয়ার (অবঃ) হান্নান শাহসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ, মরহুমের প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রী এবং বিপুল সংখ্যক জনসাধারণ নামাজে জানাজায় অংশ নেন। মরহুমের লাশ তেজগাঁও পলিটেকনিক হাইস্কুল জামে মসজিদ প্রাঙ্গণে দাফন করা হয়েছে।

জনাব নূর মোহাম্মদ ছিলেন একজন কৃতী শিক্ষাবিদ, সাংবাদিক ও সাহিত্যিক। শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখার জন্যে ১৯৬৪ সালে তদানীন্তন পাকিস্তান সরকার তাকে প্রেসিডেন্ট পুরস্কার তমঘায়ে খেদমত প্রদান করেন। ১৯৬৯-৭০ সালে শিক্ষা বিভাগ ও মাধ্যমিক শিক্ষা বোর্ডগুলি তাকে কৃতী প্রধান শিক্ষক হিসেবে পুরস্কৃত করেন।

১৯৩৮ সালে জনাব নূর মোহাম্মদ দৈনিক কৃষকের সহকারী সম্পাদক ছিলেন। ১৯৫৫ থেকে ১৯৫৮ সাল পর্যন্ত তিনি নিয়মিতভাবে দৈনিক মিল্লাতের সম্পাদকীয় কলাম লিখতেন। তিনি বহু গ্রন্থ ও পাঠ্যপুস্তকের প্রণেতা।

মরহুম নিজগ্রামে তার উপার্জিত অর্থে এন মোহম্মদ হাইস্কুল নামে একটি স্কুল ও একটি মাদ্রাসা প্রতিষ্ঠা করেন।